# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩০৮. শুধু ধনীদেরকেই ওয়ালিমা তথা বৌভাতের দা'ওয়াত দেয়া কিংবা কারোর ওয়ালিমার দা'ওয়াত বিনা ওযরে প্রত্যাখ্যান করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

شَرُّ الطَّعَامِ طَعَامُ الْوَلِيمَةِ يُمْنَعُهَا مَنْ يَأْتِيهَا وَيُدْعَى إِلَيْهَا مَنْ يَأْبَاهَا وَمَنْ لَمْ يُجِبْ الدَّعْوَةَ فَقَدْ عَصَى اللَّهَ وَرَسُولَهُ

“সেই ওয়ালিমা তথা বৌভাতের খানা সর্ব নিকৃষ্ট খানা যাতে এমন লোকগুলোকে আসতে দেয়া হয় না যারা তাতে আসতে চায়। বরং তাতে এমন লোকগুলোকে দা'ওয়াত দেয়া হয় যারা তাতে আসতে চায় না। যে ব্যক্তি কারোর ওয়ালিমার দা'ওয়াত অগ্রাহ্য করলো সে যেন সরাসরি আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সা.) এর অবাধ্য হলো”।[1]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন:

شَرُّ الطَّعَامِ طَعَامُ الْوَلِيمَةِ يُدْعَى لَهَا الْأَغْنِيَاءُ وَيُتْرَكُ الْفُقَرَاءُ وَمَنْ تَرَكَ الدَّعْوَةَ فَقَدْ عَصَى اللَّهَ وَرَسُولَهُ

“সেই ওয়ালিমা তথা বৌভাতের খানা সর্ব নিকৃষ্ট খানা যাতে শুধুমাত্র ধনীদেরকেই দা'ওয়াত দেয়া হয় এবং তাতে গরীবের প্রতি কোন ধরনের ভ্রূক্ষেপ করা হয় না। যে ব্যক্তি কারোর ওয়ালিমার দা'ওয়াত অগ্রাহ্য করলো সে যেন সরাসরি আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সা.) এর অবাধ্য হলো”।[2]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৪৩২)

[2] (বুখারী, হাদীস ৫১৭৭ মুসলিম, হাদীস ১৪৩২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11558

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন